

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ জুন '২০২৩

ঈদের দিনেই কোরবানির বর্জ্যমুক্ত হবে চট্টগ্রাম: মেয়র

ঈদ-উল-আয়হার দিন নগরীতে তৈরি হওয়া বিপুল বর্জ্য ঈদের দিন বিকাল পাঁচটার মধ্যেই পরিষ্কার করার বিষয়ে প্রস্তুতি সভা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) পরিচ্ছন্ন বিভাগ। সোমবারের সভায় চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী ঈদের দিনেই কোরবানির বর্জ্য সরিয়ে ফেলার জন্য সার্বিক প্রস্তুতি সম্পর্কে অবগত হন। এসময় মেয়র কোরবানির ঈদ বর্ষা এবং মধুমাসের মাঝে হওয়ায় বাড়তি চাপের বিষয়টি যাতে বর্জ্য ব্যবস্থাপনায় কোন বাধা না হয় সে ব্যাপারে সজাগ থেকে প্রকৌশল ও পরিচ্ছন্ন বিভাগকে সম্মিলিতভাবে কাজ করতে বলেন।

নগরীর ৪১ টি ওয়ার্ডকে ৬০টি জোনে ভাগ করে মোট ৩৭০টি গাড়ি বর্জ্য অপসারণে কাজ করবে। এ কার্যক্রম সফল করতে ব্যবস্থাপনা করবেন কাউন্সিলর শৈবাল দাশ সুমন ও মোঃ মোরশেদ আলম। “কোরবানির বর্জ্য কেউ যাতে নালা-নর্দমায় না ফেলে সে বিষয়ে সজাগ থাকতে হবে। প্রয়োজনে বর্জ্য ব্যবস্থাপনার আওতাধীন এলাকায় কেউ অথাঁ নালায় পলিথিনসহ বিভিন্ন ময়লা ফেললে জরিমানা করার জন্য অভিযান পরিচালনা করতে হবে। বর্তমানে ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়ছে। এজন্য ত্রাশ প্রোগ্রামের গতি বাড়াতে হবে, অভিযান চালিয়ে জরিমানা করতে হবে কারো বাসায় ডেঙ্গুর জীবনন্বাহী মশা জন্মানোর মতো পানি জমে থাকলে। প্রয়োজনে কেউ ছাদে উঠতে বাধা দিলে ডোন কিনে ছাদে পানি জমে আছে কীনা যাচাই করুন।”

সভায় উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম, সচিব খালেদ মাহমুদ, বর্জ্য ব্যবস্থাপনা স্ট্যাভিউ কমিটির চেয়ারম্যান কাউন্সিলর মোঃ মোবারক আলী, কাউন্সিলর কাজী নুরুল আমিন, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আকবর আলী, ঝুলন কুমার দশ, নির্বাহী প্রকৌশলী মীর্জা ফজলুল কাদের, তোহিদুল হাসান, উপ-প্রধান পরিচ্ছন্নতা কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরী, ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা শরফুল ইসলাম মাহি, সহকারী প্রকৌশলী নাসির উদ্দিন রিফাত, রংবেল দাশ, ইমরান হোসেন খোকা, আব্দুল্লাহ মো. হাশেম সহ প্রকৌশল ও পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

আন্দরকিল্লা ওয়ার্ডের উন্নয়নে ব্যয় হবে ৭ কোটি ৭৩ লক্ষ টাকা

নগরীর ৩২ নং আন্দরকিল্লা ওয়ার্ডসহ আবদুর রহমান সড়ক, এসি দত্ত লেইন, জেল রোড, লালদিঘী পাড় সড়ক এবং বাডেল সেবক কলোনী হতে বাডেল রোড সড়ক ও আরসিসি ড্রেইন নির্মাণের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্যের মেয়র বলেন, আন্দরকিল্লা ওয়ার্ড ধর্মীয় ও বাণিজ্যিক কারণে বিশেষভাবে গুরুত্বপূর্ণ। এ কারণে এই ওয়ার্ডের সড়কগুলো সংস্কারের পাশাপাশি টেকসই আরসিসি ড্রেন নির্মাণ করে দেয়া হচ্ছে যাতে ভবিষ্যতে এ এলাকার মানুষ জলাবদ্ধতা থেকে মুক্ত থাকতে পারে পাশাপাশি সড়কগুলো পানি জমে সহজে নষ্ট না হয়।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন-কাউন্সিলর জহর লাল হাজারী, সংরক্ষিত নারী কাউন্সিলর রুমকি সেনগুপ্ত, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মনিরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিপ্লব দাশ, নির্বাহী প্রকৌশলী ফারজানা মুক্তা এবং সহকারী প্রকৌশলী আসীর হামীম, উপ-সহকারী প্রকৌশলী তানজিম ভুঁইয়া, জাহাঙ্গীর আলম, নেছার আহমদ প্রমুখ।

চট্টগ্রামে ইসলামের আলো ছড়িয়েছেন পীর-আউলিয়ারা

পীর-আউলিয়াদের হাত ধরে চট্টগ্রামে ইসলামের আলো ছড়িয়েছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার নগরীর জেলরোডসহ আমানত শাহ (রহ.) এর ওপর উপলক্ষে মাজার জেয়ারত করেন মেয়র।

জেয়ারতের পর মাজার সংশ্লিষ্ট এলাকার বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন মেয়ার এবং মাজারে আসা-যাওয়ার একাধিক পথের উন্নয়ন হচ্ছে বলে মাজারে আসা দর্শনার্থীদের জানান মেয়ার। এসময় মেয়ার বলেন, চট্টগ্রামে মুসলিম জনসংখ্যার আধিক্যের অন্যতম কারণ পীর আউলিয়াদের নিরলস পরিশ্রম। পাশাপাশি চট্টগ্রামে যে অসাম্প্রদায়িক সংস্কৃতি রয়েছে তার অন্যতম কারিগর পীর আউলিয়ারা। কারণ তারা ধর্মীয় পরিচয় যে মানুষের পরিচয়ের চেয়ে মানবিক পরিচয়কে প্রাধান্য দিয়েছেন। এ কারণে মুসলিম পীর-আউলিয়াদের মাজারে হিন্দু-বৌদ্ধ- খ্রিস্টানসহ সব ধর্মের, সব বর্ণের মানুষরাই তাদের মনোবাঞ্ছা পূরণের প্রত্যাশায় জিয়ারত করেন।

এসময় মেয়ারের সাথে মাজার জেয়ারত করেন কাউপিলর জহর লাল হাজারী, সংরক্ষিত নারী কাউপিলর রহমকি সেনগুপ্ত, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মনিরুল হৃদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিপ্লব দাশ, নির্বাহী প্রকৌশলী ফারজানা মুজ্জা এবং সহকারী প্রকৌশলী আসীর হামীম, উপ-সহকারী প্রকৌশলী তানজিম ভুঁইয়া, জাহাঙ্গীর আলম, নেছার আহমদ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮